**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 06-08-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**PM–Kartavya Bhavan :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নয়াদিল্লির কর্তব্যপথে কর্তব্য ভবন পরিদর্শন ও উদ্বোধন করবেন। এটি প্রধানমন্ত্রীর আধুনিক, দক্ষ এবং নাগরিক–কেন্দ্রিক প্রশাসনের দৃষ্টিভঙ্গির প্রতি সরকারের প্রতিশ্রুতির এক বড় মাইলফলক হিসাবে চিহ্নিত হবে। সন্ধ্যায় তিনি এক জনসভায় ভাষণ দেবেন।

***************************

**Cloud blast in Uttarkashi :**

উত্তরাখন্ডের উত্তরকাশী জেলার ধরলি গ্রামে গতকাল দুপুরে মেঘ ভাঙা বৃষ্টির কারনে ক্ষীর গঙ্গা নদীতে আকস্মিক বন্যায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। জেলা জরুরি অপারেশন সেন্টার জানিয়েছে ধরলি বাজার এলাকায় বাড়িঘর, হোটেল এবং দোকানপাটের ব্যাপক ক্ষতি হয়েছে। সেনাবাহিনী, এনডিআরএফ, এসডিআরএফ, জেলা প্রশাসন এবং অন্যান্য সংশ্লিষ্ট দল ত্রাণ ও উদ্ধার কাজ চালিয়ে যাচ্ছে। উত্তরাখন্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি বলেছেন প্রশাসন সম্পূর্ণ সতর্ক রয়েছে এবং ক্ষতিগ্রস্ত নাগরিকদের সম্ভাব্য সকল সহায়তা প্রদান করছে। অগ্রাধিকারের ভিত্তিতে মানুষকে নিরাপদ স্থানে স্থানান্তর করা হচ্ছে এবং পরিস্থিতির উপর ক্রমাগত নজর রাখা হচ্ছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ উত্তরকাশীর ধরালিতে মেঘ ভাঙ্গা বৃষ্টি ও প্লাবনে ক্ষতিগ্রস্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।

***************************

**Har Gar Tiranga-Gomati :**

হর ঘর তিরঙ্গা কর্মসূচির প্রথম পর্যায়ের অনুষ্ঠানের অঙ্গ হিসেবে উদয়পুর মহকুমার বিভিন্ন স্কুলে নানা অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। গতকাল উদয়পুরের ভগিনী নিবেদিতা স্কুলে আয়োজন করা হয় জাতীয় পতাকা, অঙ্কন ও দেওয়াল অঙ্কন।

*************************

**Tiranga Yatra-South :**

আসন্ন স্বাধীনতা দিবস উপলক্ষে গতকাল দক্ষিন জেলা প্রশাসনের উদ্যোগে দক্ষিণ জেলা শাসকের অফিসের সামনে থেকে বিলোনিয়ার বিকেআই মাঠ পর্যন্ত তিরঙ্গা যাত্রা অনুষ্ঠিত হয়। দক্ষিন জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিধায়ক মাইলাফ্রু মগ সহ জন প্রতিনিধিগন এবং বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীরা তিরঙ্গা যাত্রায় অংশগ্রহণ করেন।

****************************

**Pradyut Kishore :**

আগামী ৯ই আগস্ট বিশ্ব আদিবাসী দিবস উপলক্ষে খুমলুং-এ এক জমায়েতের আয়োজন করা হয়েছে। জেলা পরিষদ সদস্য প্রদ্যোৎ কিশোর দেববর্মা গতকাল এখবর জানিয়েছেন। তিনি এডিসি এলাকায় অবিলম্বে ভিলেজ কমিটি নির্বাচনেরও দাবি জানিয়েছেন।

****************************

**ADC Session :**

আগামী ২৯শে আগস্ট ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের একদিনের অধিবেশন অনুষ্ঠিত হবে। এডিসির চেয়ারম্যান জগদীশ দেব্বর্মা এ খবর জানান। সকাল ১১টায় খুমলুঙ-এর পরিষদীয় ভবনে এই অধিবেশন শুরু হবে।

****************************

**Hospital visit :**

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা গতকাল খোয়াই জেলা হাসপাতাল পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি হাসপাতালের পরিষেবা নিয়ে চিকিৎসক, স্বাস্থ্যকর্মী ও রোগীদের সঙ্গে কথা বলেন।

এদিকে, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা একইদিনে তেলিয়ামুড়ার মুঙ্গিয়াকামি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি এই স্বাস্থ্যকেন্দ্রের পরিষেবা সম্পর্কে খোঁজখবর নেন।

*************************

**Sewing Machines Trainning for Women :**

মহিলাদের আত্মনির্ভর করার লক্ষ্যে গতকাল থেকে ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে আগরতলায় কমিশন কার্যালয়ে সেলাই প্রশিক্ষণ কর্মসূচী শুরু হয়েছে। কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা জানান, এই প্রশিক্ষণ কর্মসূচিতে ১২০ জন মহিলা অংশ গ্রহণ করেছেন।

*************************

**Haat on wheels inaugurated :**

বস্ত্র মন্ত্রণালয়, জাতীয় তাঁত উন্নয়ন কর্পোরেশন (NHDC) এর সহযোগিতায়, গতকাল নয়াদিল্লির জনপথে এক্সক্লুসিভ হ্যান্ডলুম এক্সপো এবং "হাট অন হুইলস" চলমান খুচরা উদ্যোগের সূচনার মাধ্যমে একাদশতম জাতীয় তাঁত দিবস উদযাপন করেছে। কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী গিরিরাজ সিং,বস্ত্র প্রতিমন্ত্রী পবিত্রা মার্গারিটার উপস্থিতিতে হ্যান্ডলুম এক্সপো এবং হাট অন হুইলসের উদ্বোধন করেন। এই হাট আগামীকাল থেকে আগামী ৯ই আগষ্ট পর্যন্ত চালু থাকবে।

****************************

**Under-18 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত অনূর্ধ্ব ১৮ বছরের ক্লাব ক্রিকেট প্রতিযোগিতার গতকাল একটি খেলা হয়। নরসিংগড়ের টিআইটি মাঠে ইউনাইটেড ফ্রেন্ডস ৪ রানে কসমোপলিটান ক্লাবকে পরাজিত করে। বাকী চারটি খেলা বৃষ্টিতে পরিত্যক্ত হয়।

*****************************

**First Division :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় ফরোয়ার্ড ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় ফরোয়ার্ড ক্লাব ৫-০ গোলে ফ্রেন্ডস ইউনিয়নকে পরাজিত করেছে। বিজয়ী দলের সানথামিলস আসরের প্রথম হ্যাটট্রিক করেন।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বজ্র বিদ্যুৎ সহ ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের এর কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.২ ডিগ্রি সেলসিয়াস। আজ ভোর সাড়ে ৫টা পর্যন্ত পরিমাপযোগ্য বৃষ্টিপাত ২৪.৩ মিলিমিটার।

*************************